

চঞ্চল-নিশোর ছবির নায়িকা
মেহজাবীন -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-১৭ ঃ মেহেরপুর-বৃহস্পতিবার ৩০ অক্টোবর ২০২৫ ইং ঃ ১৪ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ৭ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## ১২৮ জন 'জুলাই যোদ্ধার' গেজেট বাতিল

সূর্যোদয় প্রতিবেদন

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বুধবার (২৯ অক্টোবর) জানিয়েছে, মিথ্যা তথ্য প্রদান ও একাধিকবার নাম অন্তর্ভুক্ত হওয়ার কারণে ১২৮ জনের জুলাই যোদ্ধার গেজেট বাতিল করা হয়েছে। মন্ত্রণালয় জানিয়েছে, যারা প্রতারণার মাধ্যমে গেজেটভুক্ত হয়েছেন, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জুলাই গণঅভ্যুত্থানে আহতদের তালিকায় কিছু প্রার্থী প্রকৃত আহত নন বা আন্দোলনে সরাসরি অংশগ্রহণ করেননি। পাশাপাশি কয়েকজনের নামে একাধিক গেজেট প্রকাশ পাওয়ায় জেলা কমিটির সুপারিশের ভিত্তিতে ময়মনসিংহ বিভাগের ২১ জন, সিলেট ২৭ জন, চট্টগ্রাম ৩৯ জন, খুলনা ৯ জন, রংপুর ৩ জন, ঢাকা ১৪ জন, রাজশাহী ১৩ জন এবং বরিশাল ২ জনসহ মোট ১২৮ জনের গেজেট বাতিল করা হয়েছে। জুলাই গণঅভ্যুত্থানে নিহতদের 'জুলাই শহীদ' এবং আহতদের 'জুলাই যোদ্ধা' হিসেবে স্বীকৃতি দেয়

২-এর পৃষ্ঠা দেখুন



### অজানা রোগে পেকে ফেটে যাচ্ছে কলা

# কৃষকের মাথায় হাত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে যে কলা একসময় কৃষকের মুখে হাসি ফোটাত, সেই কলাই এখন তাদের চোখের জলে বুক ভাসছে। জেলার বিভিন্ন এলাকায় এক অজানা রোগে মাঠের পর মাঠ কলা পরিপক্ক হবার আগেই পেকে ফেটে নষ্ট হয়ে যাচ্ছে। ফলে সেই কলা এখন গবাদিপশুর খাদ্যে পরিণত হয়েছে। কৃষকরা বলছে সার সংকট ও অতিরিক্ত বৃষ্টির কারনে কলা অপুস্ট অবস্থায় পেকে যাচ্ছে। কৃষি বিভাগ বলছে অতিরিক্ত সার প্রয়োগের কারণে কলা পেকে যাচ্ছে। কৃষি বিভাগের তথ্য অনুযায়ী, চলতি মৌসুমে মেহেরপুর জেলায় প্রায় ৩ হাজার ৯শত হেক্টর জমিতে কলা চাষ হয়েছে। জেলার কৃষি অর্থনীতিতে সবজির পরেই কলার অবদান উল্লেখযোগ্য। মেহেরপুরের কলা সারা বছর দেশের বিভিন্ন

২-এর পৃষ্ঠা দেখুন

### পুরাতন ফোনের দোকানে নতুন চক্রান্ত

## মেহেরপুরে চোরাই মোবাইলের গোপন কারবার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর শহরের স্টেডিয়ামপাড়ার বাসিন্দা রাসেদুল ইসলাম ২৩ হাজার টাকায় একটি পুরনো স্যামসাং ফোন কিনেছিলেন। কিছুদিন ব্যবহারের পর পুলিশ জানায় ফোনটি আসলে চোরাই। জানা যায়, ফোনটি গাংনী থেকে ছিনতাই হয়েছিল এবং মালিক থানায় মামলা করেছেন। শেষ পর্যন্ত তিনি ফোনটি ফেরত দিতে বাধ্য হন। এদিকে কুষ্টিয়া থেকে মেহেরপুরে আসার পথে সোনিয়া নামের এক নারী বাসে নিজের রিয়েলমি ফোন হারান। তিনি মেহেরপুর থানায় জিডি করলে ডিবির সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম বিভাগ ফোনটি উদ্ধার করে। তদন্তে জানা যায়, কেউ ফোনটি কুড়িয়ে অনলাইনে বিক্রি করে দিয়েছিল। ডিবি কর্মকর্তাদের তথ্যমতে, চুরি বা ছিনতাই হওয়া মোবাইল ফোনের বেশিরভাগই কয়েক ঘণ্টার মধ্যেই একাধিক হাতে যায়। প্রথমে ফোন বন্ধ করে "ফ্ল্যাশ" করা হয়, পরে পরিবর্তন করা হয় আইএমইআই নম্বর। এতে ট্র্যাক করা প্রায় অসম্ভব হয়ে পড়ে। কর্মকর্তারা জানান, চুরি বা ছিনতাই হওয়া ফোনের মাত্র ৩০ শতাংশ উদ্ধার সম্ভব। আইফোনের ক্ষেত্রে হার আরও কম মাত্র ১০ শতাংশ।



মেহেরপুর, গাংনী ও মুজিবনগর জুড়ে এখন পুরাতন মোবাইল ক্রয়-বিক্রয়ের দোকান গড়ে উঠেছে। বড় সাইনবোর্ডে লেখা থাকে 'এখানে পুরাতন মোবাইল কেনাবেচা হয়'। তবে এসব দোকানের অনেক ফোনের উৎস অজানা। নাম প্রকাশে অনিচ্ছুক এক দোকানদার বলেন, "সব ফোন চোরাই না, তবে অনেক ফোনের উৎস জানা যায় না। দাম কম বলে

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে গ্রাম আদালতে তিন মাসে ৪৩৪ মামলার নিষ্পত্তি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলায় ২০টি ইউনিয়নে গ্রাম আদালতে সবশেষ তিন মাসে মোট মামলা হয়েছে ৪৭৫টি। এর মধ্যে নিষ্পত্তি হয়েছে ৪৩৪টি মামলা। মেহেরপুরে দরিদ্র ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর বিচারিক অধিকার নিশ্চিত করার লক্ষে গ্রাম আদালত কার্যক্রম সম্পর্কে প্রচার প্রচারণার অংশ হিসেবে স্থানীয় অংশীজনদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১১টার সময় মেহেরপুর স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক পার্থ প্রতিম শীলের সভাপতিত্বে

২-এর পৃষ্ঠা দেখুন

## স্ত্রী হত্যার ১১ বছর পর স্বামীর মৃত্যুদণ্ড

নিজস্ব প্রতিবেদক,চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গায় স্ত্রী হত্যার ১১ বছর পর স্বামী শুকুর আলীকে ফাঁসিতে ঝুলিয়ে মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। গতকাল বুধবার দুপুরে চুয়াডাঙ্গার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক সৈয়দ হাবিবুল ইসলাম এ রায় ঘোষণা করেন। পলাতক আসামি শুকুর আলীর অনুপস্থিতিতেই এ মামলার বিচারকাজ সম্পন্ন হয়। আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) মুন্সি মো. শাহজাহান মুকুল জানান, ২০১৪ সালের ২৭ নভেম্বর ভোর রাতে আলমডাঙ্গার এনায়েতপুর গ্রামে স্বামী শুকুর

২-এর পৃষ্ঠা দেখুন



## নরমাল ডেলিভারিতে সফল দুই মা, পাশে মেহেরপুর জেলা প্রশাসন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে নরমাল ডেলিভারির মাধ্যমে জন্ম নেওয়া দুই নবজাতকের গর্ভধারিণী দুই মাকে জেলা প্রশাসনের পক্ষ থেকে উপহার সামগ্রী প্রদান করা হয়েছে। গতকাল বুধবার সকালে জেলা প্রশাসকের পক্ষ থেকে সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা মা ও শিশু কল্যাণ কেন্দ্রে

২-এর পৃষ্ঠা দেখুন

## ছেলের মৃত্যু সংবাদে মায়ের আত্মহত্যার চেষ্টা

নিজস্ব প্রতিবেদক, চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গায় ছেলের আকস্মিক মৃত্যু সংবাদে রেললাইনে শুয়ে আত্মহত্যার চেষ্টা করেছেন এক মা। তবে ট্রেনচালকের তাৎক্ষণিক বুদ্ধিমত্তায় প্রাণে রক্ষা পেয়েছেন তিনি। গতকাল বুধবার (২৯ অক্টোবর) সকাল ৯টার দিকে রাজশাহী থেকে খুলনাগামী সাগরদাঁড়ী এক্সপ্রেস ট্রেন চুয়াডাঙ্গা রেলস্টেশন অতিক্রম করার সময় এ ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, পৌর এলাকার হাজরাহাটি গ্রামের মৃত সালেহার বিশ্বাসের স্ত্রী ছকিনা খাতুন (৭০) সকালে ছেলের মৃত্যুসংবাদ শুনে

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে অভিযান: চায়না দুয়ারী জাল ধ্বংস

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার ছেউটিয়া ও কাজলা নদীতে অভিযান চালিয়ে প্রায় ৩ লাখ টাকা মূল্যের আড়াই হাজার মিটার নিষিদ্ধ চায়না দুয়ারী জাল উদ্ধার করে আগুনে পুড়িয়ে ধ্বংস করেছে মৎস্য বিভাগ। গতকাল বুধবার সকাল থেকে দুপুর পর্যন্ত সদর উপজেলা মৎস্য

২-এর পৃষ্ঠা দেখুন



## কোমরপুরে বিএনপির গণসংযোগ ও লিফলেট বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের কোমরপুর বাজারে বিএনপির ৩১ দফা দাবি প্রচারে গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিকেলে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়। এ সময় তিনি এলাকাবাসীর হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট

২-এর পৃষ্ঠা দেখুন

## দুদকের সংশোধন অধ্যাদেশ অনুমোদনে টিআইবির উদ্বেগ

সূর্যোদয় প্রতিবেদন

দুর্নীতি দমন কমিশনের (দুদক) খসড়া সংশোধন অধ্যাদেশ, ২০২৫ উপদেষ্টা পরিষদে অনুমোদিত হওয়ার পর গভীর উদ্বেগ প্রকাশ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। টিআইবির মতে, সংস্কার কমিশনের গুরুত্বপূর্ণ ও কৌশলগত কিছু সুপারিশ বাদ দেওয়ায় সরকার সংশোধনের ক্ষেত্রে যথাযথ আগ্রহ দেখাচ্ছে না। বুধবার (২৯ অক্টোবর) টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান এক বিবৃতিতে বলেন, খসড়া অধ্যাদেশটি বিদ্যমান আইনের তুলনায় কিছুটা উন্নত হলেও, দুদক সংস্কার কমিশনের সুপারিশের গুরুত্বপূর্ণ অংশ

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর সদর উপজেলা গোল্ডকাপে শ্যামপুরের জয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত সদর উপজেলা গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টে শ্যামপুর ইউনিয়ন একাদশ জয়লাভ করেছে। গতকাল বুধবার বিকেল ৩টার দিকে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত খেলায় শ্যামপুর ইউনিয়ন একাদশ ৩-১ গোলে বুড়িপোতা ইউনিয়ন একাদশকে পরাজিত করে। খেলার প্রথমার্ধেই মাত্র ছয় মিনিটের ব্যবধানে শ্যামপুর ইউনিয়ন একাদশ ৩-

২-এর পৃষ্ঠা দেখুন

## গণভোট প্রশ্নে একদিকে বিএনপি অন্যদিকে জামায়াত ও এনসিপি

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে জাতীয় ঐকমত্য কমিশনের সুপারিশকে ঘিরে রাজনৈতিক অঙ্গনে সৃষ্টি হয়েছে ভিন্নমত ও মিশ্র প্রতিক্রিয়া। গণভোটের সময় ও পদ্ধতি নিয়ে স্পষ্ট বিভাজন দেখা দিয়েছে তিনটি রাজনৈতিক দলের অবস্থানেড়বিএনপি একদিকে, আর অপরদিকে জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। কমিশন সরকারের কাছে যে সুপারিশ জমা দিয়েছে, তাতে বলা হয়েছেড় বিশ্বের গণঅভ্যুত্থানের ক্ষমতাবলে 'জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ২০২৫' জারি করা হবে। এই আদেশের ওপর গণভোট অনুষ্ঠিত হবে। গণভোটে অনুমোদন পেলে পরবর্তী সংসদে দ্বৈত ভূমিকার কাঠামো গঠিত হবে যেখানে সংসদ সদস্যদের নিয়েই গঠিত হবে সংবিধান সংস্কার পরিষদ। বিএনপি বলেছে, জাতীয় নির্বাচন ও গণভোট একই দিনে হতে হবেড়এর বাইরে কোনো বিকল্প নেই। দলের স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, "নির্বাচনের আগে গণভোটের প্রস্তাবের সঙ্গে বিএনপি একমত নয়। এ

২-এর পৃষ্ঠা দেখুন

**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়

- সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
- প্লাস্টিক সামগ্রী
- খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক

- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।

০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (আইন অমান্য করে ভেকু মেশিনে পুকুর খনন)

আইন আছে প্রয়োগ নাই
মানছে কয় জনে
ভেকু দিয়ে কাটছে পুকুর
দেখতে দাঁড়িয়ে লোকে।
কাটছি আমি বাপের জমি
বলছে লোকে ছি
পাশের বাড়ি পড়বে ধসে
আমার তাতে কি।
ভূমি আইন আছে একটা
ভূমি অফিসার দেখে
কারো কোন হলে ক্ষতি
এমন কাজ যেন না করে।
কেমন করে কাটছে পুকুর
আছে কি ঘুষের গন্ধ
আইনের ধারায় আনতে হবে
ভেকু করতে হবে বন্ধ ।



## দুঃস্থ কাশেমের পাশে মুজিবনগর জামায়াত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের আবুল কাশেম (৭৫) কাঁধে বাক নিয়ে দীর্ঘ ৫৪ বছর ধরে পান-চুন বিক্রি করে আসছেন। বয়সের ভারে এখন আর আগের মতো গ্রামে গ্রামে ঘুরে ব্যবসা চালানো সম্ভব হচ্ছে না তার পক্ষে। ফলে অনেক সময় লাভের

২-এর পৃষ্ঠা দেখুন

## এক যুগ পর ইংল্যান্ডকে হারিয়ে ওয়ানডে সিরিজ জিতল নিউজিল্যান্ড

সূর্যোদয় প্রতিবেদন

দীর্ঘ এক দশকের অপেক্ষার পর ইংল্যান্ডের বিরুদ্ধে ওয়ানডে সিরিজ জিতে আবারও ইতিহাস গড়ল নিউজিল্যান্ড। সিরিজের দ্বিতীয় ওয়ানডেতে ইংল্যান্ডকে ৫ উইকেটে হারিয়ে ব্ল্যাক ক্যাপসরা নিশ্চিত করেছে সিরিজ জয়। সিরিজের প্রথম ওয়ানডেও চার উইকেটে জয় পেয়ে নিউজিল্যান্ড ২-০ ব্যবধানে এগিয়ে গেল। ২০১৩ সালের পর এটি ইংল্যান্ডের বিপক্ষে তাদের প্রথম ওয়ানডে সিরিজ জয়। টস হেরে প্রথমে ব্যাট করতে নেমে মাত্র ২৯ রানে দুই ওপেনার হারায়

২-এর পৃষ্ঠা দেখুন



## শোলমারী ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্টে যতারপুরের জয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামবাসীর উদ্যোগে আয়োজিত শোলমারী ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্টে যতারপুর একাদশ চ্যাম্পিয়ন হয়েছে। বুধবার বিকেলে শোলমারী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ফাইনাল খেলায় যতারপুর একাদশ ৩-১ গোলে রুদ্রনগর

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -

- অথেনটিক প্রোডাক্ট
- সেরা দাম
- নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর

হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ বৃহস্পতিবার ॥ ১৪ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ৩০ অক্টোবর ২০২৫ইং

## নির্বাচনের ব্যত্যয় হলে দায় ইউনূস সরকারের মির্জা ফখরুল


সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে উদ্দেশ্য করে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, "ড. ইউনূস, আপনি জনগণের সঙ্গে প্রতিজ্ঞাবদ্ধ। যে সংস্কার প্রয়োজন, তা সম্পন্ন করে দ্রুত নির্বাচন দিন। গ্রহণযোগ্য নির্বাচনের মাধ্যমে যে সংসদ গঠিত হবে, সেই সংসদই পরবর্তী সংস্কার কার্যক্রম সম্পন্ন করবে। এর বাইরে গেলে এবং নির্বাচনে কোনো ব্যত্যয় ঘটলে তার পূর্ণ দায়ভার বহন করতে হবে ড. ইউনূস সরকারের।" বুধবার রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে এক প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব

২-এর পৃষ্ঠা দেখুন

## ডিসেম্বরের প্রথম সপ্তাহে জাতীয় নির্বাচনের তারিখ ঘোষণা হতে পারে

সূর্যোদয় প্রতিবেদন




ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তারিখ আগামী ডিসেম্বর মাসে ঘোষণা করা হবে। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস নির্দেশ দিয়েছেন, নির্বাচনের সকল প্রস্তুতি ১৫ নভেম্বরের মধ্যে শেষ করতে হবে। বুধবার বিকেলে ফরেন সার্ভিস একাডেমিতে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম জানান, "নির্বাচনের সার্বিক প্রস্তুতির কাজ ১৫ নভেম্বরের মধ্যে সম্পন্ন করতে হবে। নির্বাচনে পোস্টাল ভোটের জন্য অ্যাপ ব্যবহার করা হবে। নির্বাচনের আগের এবং পরের ৭২ ঘণ্টা কীভাবে পরিচালনা করা হবে সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।" তিনি আরও বলেন, "ভোটারদের নিরাপত্তা নিশ্চিত করতে সেনাবাহিনী প্রায় ৯২,৫০০ সদস্য মোতায়েন করবে। এর মধ্যে ৯০ হাজার সেনা এবং বাকিটা নৌবাহিনীর সদস্য। ভোটের দায়িত্বে সবচেয়ে বেশি আনসার সদস্য থাকবে। পুলিশের কাছে থাকবে বডি ক্যামেরা। সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব ও ডিজইনফর্মেশন মোকাবেলায় দুটি বিশেষ কমিটি কাজ করবে।" প্রেস সচিব বলেন, "নির্বাচন বানচালের চেষ্টা

৩-এর পৃষ্ঠা দেখুন

## সারের সংকট নেই, ডিসেম্বরেই আসছে নতুন নীতিমালা: কৃষি উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

দেশে বর্তমানে সারের কোনো সংকট নেই জানিয়ে ডিসেম্বরের মধ্যেই 'সার ব্যবস্থাপনা নীতিমালা' চূড়ান্ত হবে বলে আশা প্রকাশ করেছেন কৃষি উপদেষ্টা অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল জাহাঙ্গীর আলম চৌধুরী। বুধবার (২৯ অক্টোবর) বিকেলে সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) সভা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান। কৃষি উপদেষ্টা বলেন, "সারের ব্যবস্থাপনা, দাম ও নতুন নীতিমালা নিয়ে আজ বিস্তারিত আলোচনা হয়েছে। দেশে সারের কোনো ঘাটতি

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## সন্তান জন্মের পর সম্পর্ক টিকিয়ে রাখবেন যেভাবে

সূর্যোদয় প্রতিবেদন

সন্তান জন্মের পর জীবনযাত্রায় আসে অনেক পরিবর্তন। স্বামী-স্ত্রী হয়ে ওঠেন বাবা-মা, বেড়ে যায় দায়িত্ব। নতুন অতিথিকে ঘিরে ব্যস্ততায় অনেক সময় সম্পর্কের মধুরতা হারিয়ে যায়। তাই এ সময়টাতে দুজনের বোঝাপড়া ও ভালোবাসা আরও প্রয়োজন। সন্তানের যত্ন নিতে গিয়ে যেন একে অপরের থেকে দূরে সরে না যান। যতটা সম্ভব দায়িত্ব ভাগাভাগি করুন। একসঙ্গে কাজ করলে কাজও সহজ হয়, সম্পর্কও দৃঢ় হয়।

প্রসবের পর অনেক নারী হরমোনজনিত পরিবর্তনের কারণে মানসিক চাপ বা পোস্টপার্টাম ডিপ্রেশনে ভোগেন। এ সময়ে স্বামীর সহানুভূতি, যত্ন ও মানসিক সমর্থন স্ত্রীকে দ্রুত স্বাভাবিক জীবনে ফিরতে সাহায্য করে। স্ত্রীর প্রশংসা করুন, মাঝে মাঝে ছোট উপহার দিনড় মন ভালো থাকবে।

নতুন অতিথিকে ঘিরে যতই ব্যস্ততা থাকুক, নিজেদের জন্য কিছু সময় রাখুন। একসঙ্গে ডিনার করুন বা বাইরে হাঁটতে যান। খোলামেলা কথা

৩-এর পৃষ্ঠা দেখুন




## স্বাধীনতার ৫৩ বছরেও ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়নি

নিজস্ব প্রতিবেদক.কুস্টিয়া

ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির ও চরমোনাই পীর মুফতি সৈয়দ মোহাম্মদ রেজাউল করিম বলেছেন, স্বাধীনতার ৫৩ বছর পরও দেশে সাম্য, মানবিক মর্যাদা ও ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়নি। গতকাল বুধবার (২৯ অক্টোবর) বিকেলে কুষ্টিয়া পাবলিক লাইব্রেরি মাঠে ইসলামী আন্দোলন সদর উপজেলা শাখার আয়োজিত গণসমাবেশে তিনি বলেন, দেশের কোনো সরকারই স্বাধীনতার লক্ষ্য পূরণে সক্ষম হয়নি। তিনি অভিযোগ করেন, বিএনপির আমলে দেশ তিনবার এবং আওয়ামী লীগের আমলেও একাধিকবার দুর্নীতিতে শীর্ষে অবস্থান করেছে। চরমোনাই পীর দাবি করেন, জাতীয় সনদের ভিত্তিতে পিআর পদ্ধতিতে নির্বাচন আয়োজন, সকলের জন্য সমান সুযোগ নিশ্চিত করা এবং স্বৈরাচারের দোসর জাতীয় পার্টি ও ১৪ দলের কার্যক্রম নিষিদ্ধ

৩-এর পৃষ্ঠা দেখুন

## গণভোটের পরই নির্বাচন: নাসীরুদ্দীন পাটওয়ারী

সূর্যোদয় প্রতিবেদন

এনসিপির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, গণঅভ্যুত্থানকে ভিত্তি করে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের স্বাক্ষরে আদেশ জারি করে গণভোট আয়োজন করতে হবে। তিনি বলেন, "গণভোটের পর অনুষ্ঠিত নির্বাচনের মাধ্যমে একটি 'রিফর্ম অ্যাসেম্বলি' গঠিত হবে, যা জুলাই সনদ বাস্তবায়ন ও সংসদের নিয়মিত কাজ করবে।" বুধবার (২৯ অক্টোবর) রাজধানীর বাংলামোটরে দলীয় কার্যালয়ে জুলাই সনদ নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। নাসীরুদ্দীন পাটওয়ারী জানান, ঐকমত্য কমিশনের প্রস্তাব অনুযায়ী ২৭০ দিনের মধ্যে সংস্কার বাস্তবায়ন করতে হবে, নইলে তা জনগণের সার্বভৌম অভিপ্রায় হিসেবে কার্যকর হবে। তিনি বলেন, "গণভোট আগে না

৩-এর পৃষ্ঠা দেখুন



## কালীগঞ্জে ৬ যানবাহন জরিমানা

নিজস্ব প্রতিবেদক.ঝিনাইদহ

ঝিনাইদহের কালীগঞ্জে মহাসড়কে অননুমোদিত হাইড্রোলিক হর্ন ব্যবহার করার দায়ে ৬টি যানবাহন ও তাদের চালককে জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। গতকাল বুধবার (২৯ অক্টোবর) দুপুরে কালীগঞ্জ উপজেলা শহরের ঝিনাইদহ-যশোর মহাসড়কে এই অভিযান পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রেজওয়ানা নাহিদ। পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক মুন্তাসির রহমান প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন। অভিযানে পুলিশের বিশেষ টিমও উপস্থিত ছিলেন। জেলা পরিবেশ অধিদপ্তর সূত্র জানিয়েছে, শব্দদূষণ নিয়ন্ত্রণে সমন্বিত কর্মসূচির অংশ হিসেবে অভিযান চালানো হয়। ভ্রাম্যমাণ আদালত ছাড়পত্র না পাওয়া হাইড্রোলিক হর্ন ব্যবহার করায় ৬টি যানবাহন ও চালককে মোট ৫হাজার ৫ শ টাকা জরিমানা করা

৩-এর পৃষ্ঠা দেখুন

## বন্ধ হচ্ছে অননুমোদিত মোবাইল ফোন

সূর্যোদয় প্রতিবেদন

দেশে অবৈধভাবে আমদানিকৃত ও নিবন্ধনবিহীন মোবাইল ফোনের ব্যবহার রোধে আগামী ১৬ ডিসেম্বর থেকে ন্যাশনাল ইক্যুইপমেন্ট আইডেন্টিটি রেজিস্টার (এনইআইআর) কার্যক্রম শুরু হচ্ছে। এরপর দেশের মোবাইল নেটওয়ার্কে কোনো অননুমোদিত ফোন ব্যবহার সম্ভব হবে না। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ফয়েজ আহমদ তৈয়্যব বুধবার (২৯ অক্টোবর) রাজধানীর আগারগাঁওয়ে বিটিআরসির বোর্ডরুমে এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানান। তিনি বলেন, "এনইআইআর চালুর মাধ্যমে দেশের টেলিযোগাযোগ খাতে নতুন এক অধ্যায়ের সূচনা হবে। এটি একটি কেন্দ্রীয় ব্যবস্থা, যেখানে প্রতিটি মোবাইল ফোনের আন্তর্জাতিকভাবে অনুমোদিত আইএমইআই নাম্বার

৩-এর পৃষ্ঠা দেখুন




## মহেশপুর সীমান্তে ১০ বাংলাদেশি আটক

নিজস্ব প্রতিবেদক. ঝিনাইদহ

ঝিনাইদহের মহেশপুর উপজেলার সীমান্তে বিভিন্ন এলাকায় অবৈধভাবে সীমান্ত পারাপারের সময় নারী, পুরুষ ও শিশু মিলিয়ে ১০ বাংলাদেশিকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। আটক ব্যক্তির মধ্যে ৭ পুরুষ, একজন নারী ও দুই শিশু রয়েছেন। মহেশপুর ৫৮ বিজিবি ব্যাটেলিয়নের সহকারী পরিচালক মুন্সি ইমদাদুর রহমান গতকাল বুধবার (২৯ অক্টোবর) সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। আটকরা হলেন: মুকুল হোসেন (৪৪) কুসুমপুর, অজয় কুমার হাওলাদার (৩৭) বুড়মজুমদার, রিপন মৃধা (২৮) লাটেঙ্গা, সুমতি বিশ্বাস (২৪) বোড়াশী, জয়ন্ত বিশ্বাস (২৫) রঘুনাথপুর, ইউসুফ গণী (৫৪) সরকারি ঘোনা এবং নুর আলম (২৬) মাইয়ারচর। বিজিবি জানিয়েছে, মঙ্গলবার রাত ১০টার দিকে কুসুমপুর বিওপির অভিযানে

৩-এর পৃষ্ঠা দেখুন



## গভীর অবিশ্বাসে ভেস্তে গেল পাকিস্তান-আফগানিস্তান শান্তি আলোচনা

সূর্যোদয় প্রতিবেদন

তুরস্ক ও কাতারের মধ্যস্থতায় ইস্তাম্বুলে চার দিনব্যাপী অনুষ্ঠিত শান্তি আলোচনা ব্যর্থ হয়েছে পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে। স্থায়ী যুদ্ধবিরতিতে পৌঁছাতে না পারায় দুই দেশই একে অপরকে দোষারোপ করছে। বিশ্লেষকরা বলছেন, এই ব্যর্থতা দুই প্রতিবেশীর মধ্যে চলমান

৩-এর পৃষ্ঠা দেখুন

## রাষ্ট্রপতির রাফালে উড্ডয়ন: শক্তি প্রদর্শন নাকি আঞ্চলিক বার্তা?

সূর্যোদয় প্রতিবেদন

আম্বালার আকাশে ভারতের রাষ্ট্রপতির উড্ডয়ন যেন এক প্রতীকী বার্তা। যুদ্ধবিমানের গর্জনের ভেতর দিয়ে প্রকাশ পেল এক রাষ্ট্রের আত্মবিশ্বাস, আর সেই আত্মবিশ্বাসের ছায়ায় লুকিয়ে রয়েছে শক্তি প্রদর্শনের রাজনীতি। বুধবার রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু যখন রাফাল যুদ্ধবিমানে উড়ান পরিচালনা করেন, তখন দক্ষিণ এশিয়ার আকাশে কেবল বিমানের শব্দই নয়, শোনা গেল এক অঘোষিত বার্তা। সামরিক শক্তির প্রতীক হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করার প্রতিযোগিতা এখন আর গোপন নয়। রাষ্ট্রপতি নিজে এই অভিজ্ঞতাকে 'অবিস্মরণীয়' বলে

৩-এর পৃষ্ঠা দেখুন



## যুদ্ধবিরতি লঙ্ঘন করে গাজায় ইসরায়েলি হামলা, নিহত ১৮

সূর্যোদয় প্রতিবেদন

গাজায় নতুন করে ইসরায়েলি বিমান ও স্থল হামলায় অন্তত ১৮ ফিলিস্তিনি নিহত হয়েছেন। মঙ্গলবার (২৮ অক্টোবর) রাতে দক্ষিণ রাফাহ এলাকায় সংঘর্ষের পর ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর নির্দেশে এই হামলা চালানো হয়। এতে একজন

৩-এর পৃষ্ঠা দেখুন

## ন্যাটো থেকে সেনা সংখ্যা কমাচ্ছে যুক্তরাষ্ট্র: রোমানিয়া আশ্বস্ত

সূর্যোদয় প্রতিবেদন

ন্যাটো জোটের সদস্য দেশগুলো থেকে নিজেদের সেনা সংখ্যা কমানোর সিদ্ধান্ত নিয়েছে যুক্তরাষ্ট্র। ইউরোপের পূর্বাঞ্চলে অবস্থানরত কিছু মার্কিন সেনা সরিয়ে নেওয়ার পরিকল্পনা করছে ওয়াশিংটন। এর মধ্যে রোমানিয়ার মিহাইল কোগালনিচিয়ানো বিমানঘাঁটিতে থাকা সেনারাও রয়েছেন। রোমানিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় বুধবার এক বিবৃতিতে জানায়, ওয়াশিংটনের অগ্রাধিকার পরিবর্তনের কারণে এই সিদ্ধান্ত প্রত্যাশিত ছিল। বর্তমানে রোমানিয়ায় প্রায় এক হাজার মার্কিন সেনা অবস্থান করছেন,

৩-এর পৃষ্ঠা দেখুন

জামান বস্ত্রালয়
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
100 ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## বাইক চালানোর সময় কথা হবে সহজ

সূর্যোদয় প্রতিবেদন

ফাঁকা রাস্তায় জোরে বাইক চালানোর সময় পেছনের আরোহীর কথা শোনা প্রায় অসম্ভব। শুধু দুই আরোহী নয়, অনেক বন্ধু একসঙ্গে বাইক চালালেও বাতাসের শব্দে কথোপকথন প্রায় বন্ধ হয়ে যায়। এ সমস্যা দূর করতে সাহায্য করছে ব্লুটুথ হেলমেট। আধুনিক এই হেলমেটগুলো এখন দ্রুত জনপ্রিয় হয়ে উঠছে। একই বাইকের দুই আরোহী বা একাধিক বাইকের আরোহী একে অপরের সঙ্গে সহজে কথা বলতে পারেন। অতিরিক্ত যন্ত্র লাগানোর ঝামেলাও নেই। হেলমেটের মধ্যে সরাসরি গান শোনার ব্যবস্থা থাকায় আরোহীরা নিরাপদে বিনোদন উপভোগ করতে পারেন। তবে বাইক চালাতে চালাতে গান শোনা বিপজ্জনক।হেলমেটের মাধ্যমে



সরাসরি গুগল ম্যাপের নির্দেশনা শোনা যায়, যা চলন্ত বাইকে পথ অনুসরণকে সহজ করে। বাইক চালানোর সময় জরুরি ফোন রিসিভের সুবিধা, যা প্রচলিত উপায়ের তুলনায়

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল

এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বৃহস্পতিবার, ৩০ অক্টোবর ২০২৫ ইং

## আইন উপেক্ষার সংস্কৃতি ও প্রশাসনের নীরবতা

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের সহগোলপুর গ্রামে যে ঘটনা ঘটছে, তা শুধু একটি গ্রামের সমস্যা নয়,এটি দেশের গ্রামীণ প্রশাসন ও আইনের শাসনের অবস্থা সম্পর্কে গভীর প্রশ্ন তোলে। বসতবাড়ির একেবারে কোলঘেঁষে পুকুর খননের ফলে চারটি পরিবার আজ চরম আতঙ্কে দিন কাটাচ্ছে। মাটি ফেটে যাচ্ছে, ঘরবাড়ি ধসে পড়ার আশঙ্কা দেখা দিয়েছে তবু প্রশাসন নীরব।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) স্পষ্টভাবে বলে যদি কোনো খনন, ভরাট বা ভূমির পরিবর্তনে পরিবেশ ও প্রতিবেশের ক্ষতি হওয়ার আশঙ্কা থাকে, তবে পরিবেশ অধিদপ্তরের অনুমতি বাধ্যতামূলক। কিন্তু সহগোলপুরের ঘটনায় দেখা যাচ্ছে, আব্দুল কুদ্দুস নামে এক ব্যক্তি ব্যক্তিগত প্রভাব ও অর্থবল খাটিয়ে সেই আইনকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে ভেকু মেশিন দিয়ে অবাধে পুকুর খনন করছেন। স্থানীয় প্রশাসনের করণীয় ছিল অবিলম্বে কাজ বন্ধ করে আইনি ব্যবস্থা গ্রহণ করা। কিন্তু বরং দেখা গেল, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ভুক্তভোগীদের "লিখিত অভিযোগ দিতে" বলেছেন অর্থাৎ বিপদের মুখে থাকা পরিবারগুলোই যেন নিজেদের রক্ষার জন্য প্রশাসনের কাছে আবেদন করতে বাধ্য হচ্ছে। এই নীরবতা ও উদাসীনতা প্রশ্ন তোলে আইন কার জন্য? যখন আইন লঙ্ঘনের ঘটনা চোখের সামনে ঘটে, তখন প্রশাসনের ভূমিকা শুধু অভিযোগ নেওয়া নয়, বরং সক্রিয়ভাবে প্রতিকার করা। এ ধরনের অনিয়মের পেছনে কোনো আর্থিক বা রাজনৈতিক প্রভাব কাজ করছে কি না, সেটি খতিয়ে দেখা জরুরি। কারণ প্রশাসনিক নিষ্ক্রিয়তা প্রভাবশালীদের আরও বেপরোয়া করে তুলছে। দেশজুড়ে এভাবেই নানা স্থানে ভূমি আইন লঙ্ঘন করে পুকুর, ইটভাটা, বালু উত্তোলন কিংবা পাহাড় কাটা চলছেএবং প্রায় সব ক্ষেত্রেই প্রশাসন 'জানেনা', 'অভিযোগ পায়নি' বা 'পরামর্শ দিয়েছে'। এই 'পরামর্শপ্রিয় প্রশাসন' সংস্কৃতি আইনের প্রতি মানুষের আস্থা নষ্ট করছে। সহগোলপুরের ঘটনায় এখনই কঠোর পদক্ষেপ নিতে হবে। পুকুর খনন বন্ধ, ভেকু জব্দ, ক্ষতিগ্রস্ত পরিবারের নিরাপত্তা নিশ্চিত ও দায়ীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়াএই চারটি পদক্ষেপ দ্রুত না নিলে ভবিষ্যতে অনিয়ম আরও বাড়বে, আর প্রশাসন হবে দায়মুক্তির প্রতীক। আইন যখন আছে, তার প্রয়োগও হতে হবে। নইলে রাষ্ট্রের নীরবতা অন্যায়ের পৃষ্ঠপোষকতায় পরিণত হবে।

## মেহেরপুরে চোরাই মোবাইলের

(প্রথম পৃষ্ঠার পর)

ক্রেতারাও কিছু বলেন না।" ডিবি কর্মকর্তারা বলছেন, এসব দোকানই অনেক সময় চোরাই ফোনের মধ্যবর্তী বিপণনকেন্দ্র হিসেবে কাজ করে। অল্প দামে ফোন বিক্রি হয়ে পরে আবার অনলাইনে নতুন ক্রেতার হাতে যায়। ফলে আসল মালিকের ফোন ফেরত পাওয়া কঠিন হয়ে পড়ে। স্থানীয় সাংবাদিক মিজানুর রহমান বলেন, "এই ফোনচক্রে ছিনতাইকারী, মধ্যস্বত্বভোগী, দোকানদার ও অনলাইন বিক্রেতা সবাই যুক্ত। আইন প্রয়োগে কড়াকড়ি না হলে এটি আরও বড় আকার নেবে।" মেহেরপুর পৌর কলেজের সহকারী অধ্যাপক ফররুখ আহমেদ বলেন, "ব্যবহারকারীরা সচেতন হলে ও পুলিশি তদন্তে প্রযুক্তিগত সহায়তা বাড়ালে এ অপরাধচক্র ঠেকানো সম্ভব।" ডিবির পরামর্শ ফোনের বিল ও বাক্সে থাকা আইএমইআই নম্বর সংরক্ষণ করুন, অচেনা উৎস থেকে পুরনো ফোন কিনবেন না, এবং ফোন হারালে সঙ্গে সঙ্গে জিডি করুন। প্রযুক্তির অপব্যবহার, আইন প্রয়োগের দুর্বলতা ও জনগণের অসচেতনতা সব মিলিয়ে মেহেরপুরের পুরাতন মোবাইলের দোকানগুলো আজ চোরাই ফোনের গোপন বাজারে পরিণত হচ্ছে।

## কৃষকের মাথায় হাত

(প্রথম পৃষ্টার পর)

জেলায় রপ্তানি হয়। এ চাষের ওপর নির্ভর করেই শত শত কৃষক ও ব্যবসায়ী আর্থিকভাবে স্বচ্ছলতা পয়। কিন্তু এবার পরিস্থিতি একেবারেই ভিন্ন। কৃষকদের অভিযোগ, প্রতি বিঘা জমিতে প্রায় ৬০ হাজার টাকা খরচ হলেও বর্তমানে কলার মূল্য ২০ হাজার টাকাও উঠছে না। অজানা রোগে কলা গাছের কাঁদি পরিপক্ক হবার আগেই পেকে ফেটে যাচ্ছে। এতে একদিকে ফসল মাঠেই নষ্ট হচ্ছে, অন্যদিকে বাজারে ভালো দামের কলা বিক্রি করেও উৎপাদন খরচ তুলতে পারছেন না কৃষকরা। ফলে শত শত কাঁদি কলা এখন গরু-ছাগলের খাবারে পরিণত হয়েছে। এতে চাষি ও ব্যবসায়ী উভয় পক্ষই পড়েছেন বড় ধরনের লোকসানে। কৃষক সজিব আহমেদ বলেন, এ বছর অতিরিক্ত বর্ষার ফলে কলা পাছের শেকড় পচে গেছে যে কারনে কলা পরিপক্ক হওয়ার আগেয় পেকে যাচ্ছে। এছাড়া শেকড় সজিব রাখার জন্য যে পরিমান ফসফেট সারের প্রয়োজন সার সংকটের কারনে চাষিরা জমিতে পর্যাপ্ত সার দিতে পারেনি। রহিম মন্ডল বলেন, এক সঙ্গে সবার কলা পেকে যাওয়ার কারনে কলার ক্রেতা পাওয়া যাচ্ছেনা। ফলে বাগানে পেকে নষ্ট হচ্ছে। কেউ কেউ গবাদি পশুকে খাওয়াচ্ছে। রনি বলেন, আমার বাগানের কলা সব পেকে যাচ্ছে। কি কারনে পেকে যাচ্ছে বুজতে পারছিনা । আবার কৃষি অফিস থেকে কোন পরামর্শ পাচ্ছিনা। আমি সমিতি থেকে টাকা তুলে ৩বিঘা কলা চাষ করেছিলাম। আমি একেবারে পথে বসে যাবো। কলা ব্যাবসায়ি ডালিম বলেন, আমার ২৫ বিঘা কলা কেনা আছে। গতকাল এক গাড়ি কলা ঢাকাতে পাঠিয়েছিলাম, ৬০ হাজার টাকা লোকসান হয়েছে। বাকি কলাগুলো কি করবো এয় নিয়ে চিন্তায় আছি। নতুন করে আর কলা কিনবো না । মেহেরপুর কৃষিসম্প্রসরণ অধিদপ্তরের উপপরিচালক সনজীব মৃধা বলেন, অতিরিক্ত সার প্রয়োগের কারণে কলা গাছে এই সমস্যা দেখা দিতে পারে। তারা কৃষকদের সঠিক পরামর্শ নিতে এবং জমির মাটির গুণগত মান যাচাই করে সার ব্যবহারের আহ্বান জানিয়েছেন এই কর্মকর্তা।

## ১২৮ জন 'জুলাই যোদ্ধার' গেজেট

(প্রথম পৃষ্টার পর)

সরকার। এই শ্রেণিভুক্তদের এককালীন অর্থসহায়তা এবং মাসিক ভাতা প্রদান করা হয়। এ পর্যন্ত সরকার দুই দফায় ৮৪৪ জন জুলাই শহীদের নামের গেজেট প্রকাশ করেছে, যার মধ্যে ৮ জনের নাম পরে বাতিল করা হয়। আহতদের ক, খ ও গ-শ্রেণিতে ভাগ করে ভর্তুকি এবং ভাতা প্রদান করা হচ্ছে। ক-শ্রেণির গুরুতর আহতরা এককালীন ৫ লাখ টাকা পাবেন, ইতিমধ্যে ২ লাখ টাকা প্রদান করা হয়েছে এবং বাকি ৩ লাখ চলতি অর্থবছরে দেওয়া হবে। এরা প্রতি মাসে ২০ হাজার টাকা ভাতা পাবেন। খ-শ্রেণির আহতরা এককালীন ৩ লাখ টাকা পাবেন, এর মধ্যে এক লাখ টাকা ইতিমধ্যে দেওয়া হয়েছে এবং বাকি ২ লাখ টাকা চলতি অর্থবছরে প্রদান করা হবে। মাসিক ভাতা ১৫ হাজার টাকা। গ-শ্রেণির সাধারণ আহতরা ইতিমধ্যে এককালীন এক লাখ টাকা পেয়েছেন এবং মাসিক ১০ হাজার টাকা ভাতা পাবেন। মন্ত্রণালয় আরও জানিয়েছে, গেজেট বাতিল হওয়া প্রার্থীরা বেআইনিভাবে সরকারের অর্থ আত্মসাৎ করার চেষ্টা করেছিলেন। এই প্রতারণার বিরুদ্ধে যথাযথ আইনি ব্যবস্থা নেওয়া হবে।

## মেহেরপুরে গ্রাম আদালতে তিন মাসে

(প্রথম পৃষ্টার পর)

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) জামিনুর রহমান খান, জেলা ইসলামী ফাউন্ডেশনের উপপরিচালক এজেএম সিরাজুল মুনির, জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন গ্রাম আদলত প্রজেক্টের জেলা ব্যবস্থাপক আসাদুজ্জামান, জেলা এনজিও সমিতির সভাপতি মোশাররফ হোসেন। মেহেরপুর জেলায় ২০টি ইউনিয়নে গ্রাম আদালতে সবশেষ তিন মাসে মোট মামলা হয়েছে ৪৭৫টি। এর মধ্যে সরাসরি মামলা হয়েছে ৪৬৯টি ও জেলা আদালতের মাধ্যমে হয়েছে বাকি ৬টি মামলা। এর মধ্যে নিষ্পত্তি হয়েছে ৪৩৪টি মামলা। এছাড়া গ্রাম আদালতের মাধ্যমে ক্ষতিপূরণ আদায় হয়েছে ৪৮ লাখ ১২ হাজার ৪২০ টাকা। মতবিনিময় সভায় জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম গ্রাম আদালতকে

# ধর্ষণে-শাস্তিই শেষ কথা নয়, চাই মানবিক পুনর্গঠন

উম্মে তানিয়া অনুরাগী



মেহেরপুর শান্ত শহর, কৃষিনির্ভর জনপদ, মানুষে-মানুষে আত্মীয়তার বন্ধন এখানকার বড় শক্তি। অথচ সাম্প্রতিক বছরগুলোতে এই ছোট জেলার নানা প্রান্ত থেকে নারী ও শিশুর প্রতি যৌন সহিংসতার খবর শোনা যাচ্ছে। কোনো কোনো ঘটনা প্রকাশ পায়, বেশির ভাগ আবার ঘর-পরিবারের লজ্জা, ভয় বা সামাজিক চাপের কারণে চাপা পড়ে যায়। কিন্তু প্রশ্ন থেকে যায় অপরাধীর শাস্তি দিলেই কি সমাজে নিরাপত্তা ফেরে? ভুক্তভোগী কি সত্যিই মুক্তি পায়? মেহেরপুরে সাম্প্রতিক সময়ে কয়েকটি ধর্ষণ মামলায় অপরাধীদের সাজা হয়েছে। আইন-শৃঙ্খলা বাহিনীর তৎপরতা এবং আদালতের ভূমিকা প্রশংসনীয়। তবু এখানেই শেষ নয়। বিচার পাওয়া মানে ভুক্তভোগীর জীবন স্বাভাবিক হয়ে যাওয়া নয়। বরং সামাজিক দৃষ্টিতে সে হয়ে যায় 'বিচারপ্রাপ্তা', কিন্তু ভিতরে ভিতরে ভাঙতে থাকে, মানসিক যন্ত্রণা, সমাজের দৃষ্টির বোঝা, আত্মসম্মানের ক্ষয়। মেহেরপুরের ছোট শহর, সবাই সবাইকে চেনে, এই সুবিধাটিই অনেক সময় ভুক্তভোগীর জন্য অভিশাপ হয়ে দাঁড়ায়। তার নাম গোপন থাকলেও মুখে মুখে ছড়িয়ে পড়ে গল্প, ছড়ায় গুজব। ফলে অনেক নারী বা শিশুই অভিযোগ জানানোর সাহস পায় না। ধর্ষণ শুধু আইনি অপরাধ নয়. এটি মানবিক বিপর্যয়। তাই অপরাধীর শাস্তির পাশাপাশি ভুক্তভোগীর পুনর্বাসনের দিকেও দৃষ্টি দিতে হবে। মেহেরপুরে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি আছে, নারী সহায়তা কেন্দ্রও আছে কিন্তু সেগুলোতে মানসিক কাউন্সেলিং, পেশাগত পুনর্বাসন, কিংবা আইনি সহায়তা কতটা কার্যকরভাবে দেওয়া হচ্ছে, তা নিয়ে প্রশ্ন থেকেই যায়। প্রতিটি থানায় যেন নারী ও শিশু সহায়তা ডেস্ক আরও কার্যকর হয়, প্রতিটি ইউনিয়নে সচেতনতা কর্মসূচি বাড়ানো হয় এগুলো এখন সময়ের দাবি। আমাদের সমাজে এখনো ধর্ষণের পর অপরাধীর চেয়ে ভুক্তভোগীকেই বেশি প্রশ্নবিদ্ধ করা হয় 'কেন গিয়েছিল', 'কী পোশাক পরেছিল', 'রাতে বের হলো কেন'। এই মানসিকতা না বদলালে আইনের শাস্তি একাই যথেষ্ট নয়। মেহেরপুরে স্কুল, কলেজ, মসজিদ-মন্দির, এমনকি কৃষক-শ্রমিক সমাবেশেও নিয়মিত সচেতনতা আলোচনা জরুরি। শিক্ষা, পরিবার ও সমাজ এই তিন স্তরে ধর্ষণ প্রতিরোধে একসঙ্গে কাজ করতে হবে। স্কুল-কলেজে ছেলেমেয়েদের পারস্পরিক সম্মান, সীমা ও সম্মতি সম্পর্কে শিক্ষাদান করতে হবে। স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের উচিত প্রতিটি গ্রামে 'নিরাপদ সমাজ কমিটি' গঠন করা, যাতে যেকোনো সহিংসতার আগেই প্রতিরোধ গড়ে ওঠে। ধর্ষণের শাস্তি অপরাধীর জন্য, কিন্তু নিরাপত্তা ও সম্মান ফিরিয়ে আনা ভুক্তভোগীর অধিকার। মেহেরপুরের মতো জনপদে এই বার্তা ছড়িয়ে দিতে হবে ধর্ষণ লজ্জার নয়, প্রতিবাদের বিষয়। বিচার শেষ কথা নয়, বরং শুরু। আমাদের সমাজ, পরিবার, শিক্ষা ও প্রশাসন সবাইকে মিলেই নিশ্চিত করতে হবে যেন প্রতিটি নারী ও শিশুর মুখে থাকে নিরাপত্তার হাসি, ভয়ের ছায়া নয়। (শিক্ষক ও নারী উদ্যোক্তা)

# ধার্মিকতাই সুখী দাম্পত্যের মূল চাবিকাঠি

ওমর ফারুক

বিয়ে মানুষের জীবনের একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। এটি কেবল দুই মানুষের মিলন নয়, বরং দুই পরিবার, দুই আত্মা ও দুই হৃদয়ের পবিত্র বন্ধন। বিয়ের মাধ্যমে দাম্পত্যজীবনে গড়ে ওঠে পারস্পরিক ভালোবাসা, শান্তি ও মধুর সম্পর্ক। ইসলাম এই সম্পর্ককে শুধু সামাজিক চুক্তি হিসেবে দেখেনি; বরং এটি ইবাদতের অংশ হিসেবে বিবেচনা করা হয়েছে। তাই নবী করিম (সা.) পুরুষদের স্ত্রী নির্বাচনের ক্ষেত্রে স্পষ্ট নির্দেশনা দিয়েছেন। হজরত আবু হুরায়রা (রা.) বর্ণনা করেন, নবীজি (সা.) বলেছেন: "নারীকে চারটি কারণে বিয়ে করা হয় তার সম্পদ, তার বংশমর্যাদা, তার সৌন্দর্য এবং তার দ্বীনদার। অতএব তুমি দ্বীনদারকেই প্রাধান্য দাও। না হলে তুমি ক্ষতিগ্রস্ত হবে।" এই হাদিস থেকে বোঝা যায়, স্ত্রী নির্বাচনকালে মানুষের দৃষ্টি আকর্ষণ করতে মূলত চারটি দিক কাজ করে সৌন্দর্য, সম্পদ, বংশমর্যাদা ও দ্বীনদার। তবে ইসলাম সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছে দ্বীনদার ও আদর্শবান নারীর গুণাবলীতে। কারণ, সৌন্দর্য ক্ষণস্থায়ী, সম্পদ পরিবর্তনশীল, বংশমর্যাদা বাহ্যিক মর্যাদা মাত্র। কিন্তু দ্বীনদার নারী হলো এমন এক গুণের অধিকারী, যা দাম্পত্যজীবনকে স্থায়ী সুখ-শান্তি, আস্থা ও পরিপূর্ণতায় ভরিয়ে তোলে। নবীজি (সা.)-এর নির্দেশনার মূল ভাব হলো, যখনই দ্বীনদার কোনো নারী পাওয়া যাবে, তাকেই সর্বাগ্রে বিবেচনা করতে হবে। তাকে বাদ দিয়ে অন্য কোনো গুণকে প্রাধান্য দেওয়া ইসলাম সমর্থন করে না। দ্বীনদারের আলো দাম্পত্যজীবনকে চিরস্থায়ী করে, আর অন্য সব গুণ একসময় ক্ষয়প্রাপ্ত হলেও দ্বীনদারের গুণ অক্ষুণ্ণ থাকে। অতএব, একজন মুসলিম যুবকের জন্য সর্বোত্তম স্ত্রী নির্বাচন হলো এমন নারীকে বেছে নেওয়া যিনি দ্বীনদার, আল্লাহভীরু এবং ইসলামি আদর্শে জীবন পরিচালনায় অভ্যস্ত। এর মাধ্যমে সংসার হবে শান্তিময়, জীবন হবে কল্যাণময় এবং আখিরাতও সফল হবে।

সক্রিয় করতে সবাইকে আরও বেশি ভূমিকা রাখার আহ্বান জানান।

## স্ত্রী হত্যার ১১ বছর পর স্বামীর

(প্রথম পৃষ্টার পর)

আলীর বাড়ি থেকে তার স্ত্রী লাইলি সুলতানা কুলসুমের (২২) মরদেহ উদ্ধার করে পুলিশ। পরদিন নিহতের পিতা সামসুল জোয়ার্দ্দার আলমডাঙ্গা থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের করেন। মামলার অভিযোগে বলা হয়, যৌতুকের দাবিতে প্রায়ই স্ত্রীকে নির্যাতন করতেন শুকুর আলী। ঘটনার রাতে যৌতুকের টাকার জন্য নির্যাতন ও শ্বাসরোধ করে তিনি কুলসুমকে হত্যা করেন। মামলার তদন্ত শেষে পুলিশ শুকুর আলীসহ তার বাবা আসান আলী ও মা সাহেদা খাতুনের বিরুদ্ধে আদালতে চার্জশিট দেয়। ১৩ জন সাক্ষীর সাক্ষ্যগ্রহণ শেষে বিচারক শুকুর আলীর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে ফাঁসিতে ঝুলিয়ে মৃত্যুদণ্ডের আদেশ দেন। তবে অভিযোগ প্রমাণিত না হওয়ায় শুকুর আলীর বাবা-মাকে বেকসুর খালাস দেওয়া হয়েছে। রায়ে বলা হয়েছে, শুকুর আলী গ্রেপ্তার হওয়ার পর তার মৃত্যুদণ্ড কার্যকর করা হবে।

## নরমাল ডেলিভারিতে সফল দুই মা

(প্রথম পৃষ্টার পর)

উপস্থিত হয়ে নবজাতকের মা মেহেরপুর সদর উপজেলার খোকসা গ্রামের চাঁদ আলীর স্ত্রী খুশিয়ারা খাতুন এবং মোমিনপুর গ্রামের নাহিদের স্ত্রী সান্তনা খাতুনের হাতে শুভেচ্ছা উপহার তুলে দেন। এর আগে মঙ্গলবার দিবাগত রাতে সান্তনা খাতুন এবং বুধবার সকালে খুশিয়ারা খাতুন মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ভর্তি হন। পরে তারা উভয়েই নরমাল ডেলিভারির মাধ্যমে নবজাতকের জন্ম দেন। খবর পেয়ে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের নির্দেশে নবজাতকের মা-দু'জনকে ফুলেল শুভেচ্ছা ও প্রয়োজনীয় উপহার সামগ্রী তুলে দেন সহকারী কমিশনার (ভূমি)।

## মেহেরপুরে অভিযান: চায়না দুয়ারী

(প্রথম পৃষ্টার পর)

অফিসের উদ্যোগে এ অভিযান পরিচালিত হয়। গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, কিছু অসাধু জেলে নিষিদ্ধ চায়না দুয়ারী জাল পেতে মাছ শিকার করছে। খবর পেয়ে সিনিয়র মৎস্য কর্মকর্তা কামরুন্নাহ আখিঁর নেতৃত্বে অভিযানিক দল ছেউটিয়া নদীর এ আর বি কলেজ সংলগ্ন এলাকা থেকে অভিযান শুরু করে আমঝুপি কুঠিবাড়ি হয়ে কাজলা নদী পর্যন্ত তল্লাশি চালায়। অভিযানে ৫৮টি (প্রায় ২২শ মিটার) চায়না দুয়ারী জাল ও ২টি ভেসাল জাল উদ্ধার করা হয়। উদ্ধারকৃত জালের আনুমানিক বাজারমূল্য প্রায় ৩ লাখ টাকা। পরে জালগুলো আমঝুপি কুঠিবাড়ি সংলগ্ন ভৈরব নদীর তীরে মোবাইল কোর্টের মাধ্যমে আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা। তিনি বলেন, "দেশীয় প্রজাতির মাছ রক্ষা ও প্রজনন নিশ্চিত করতে সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। কিন্তু কিছু অসাধু ব্যক্তি অবৈধভাবে নিষিদ্ধ জাল ব্যবহার করে মাছ নিধন করছে। এসব জাল আইনি প্রক্রিয়ার মাধ্যমে ধ্বংস করা হয়েছে।"

অভিযানে মেহেরপুর জেলা মৎস্য কর্মকর্তা রবিউল ইসলাম, সদর উপজেলা সিনিয়র সহকারী মৎস্য কর্মকর্তা মীর জাকির হোসেনসহ মৎস্য বিভাগের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## কোমরপুরে বিএনপির গণসংযোগ ও

(প্রথম পৃষ্টার পর)

তুলে দেন এবং স্থানীয়দের সঙ্গে মতবিনিময় করেন। গণসংযোগ কর্মসূচিতে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান, পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু, সাধারণ সম্পাদক সোনা গাইন, আমদহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস হোসেন ও সাধারণ সম্পাদক সাব্বির হোসেন, মুজিবনগর যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, বাগোয়ান ইউনিয়নের সভাপতি রফিকুল ইসলামসহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

## দুদকের সংশোধন অধ্যাদেশ

(প্রথম পৃষ্টার পর)

উপেক্ষা করা হয়েছে। বিশেষ করে কমিশনার নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা এবং কমিশনের জবাবদিহি নিশ্চিত করতে যে 'বাছাই ও পর্যালোচনা কমিটি' গঠনের প্রস্তাব করা হয়েছিল, সেটির পর্যালোচনা অংশ বাদ দেয়া হয়েছে। ড. ইফতেখারুজ্জামান আরও বলেন, সংসদের বিরোধীদলীয় প্রতিনিধিকে কমিটিতে মনোনয়নের ক্ষমতা বিরোধীদলীয় নেতার পরিবর্তে স্পিকারের হাতে দেয়ায় সরকারের প্রভাব বিস্তারের আশঙ্কা তৈরি হচ্ছে। পাশাপাশি, দুর্নীতিবিরোধী অভিজ্ঞতাসম্পন্ন নাগরিককে কমিটির সদস্য হিসেবে নিয়োগের ক্ষমতা প্রধান বিচারপতির বদলে রাষ্ট্রপতির হাতে দেয়ায় নিয়োগ প্রক্রিয়ার নিরপেক্ষতা প্রশ্নবিদ্ধ হয়েছে। তিনি উল্লেখ করেন, প্রার্থী তালিকা প্রকাশের প্রস্তাবিত বিধানও বাদ দেওয়া হয়েছে, ফলে নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতার সুযোগ নষ্ট হয়েছে। এছাড়া, কমিশনার পদে নিয়োগের জন্য ১৫ বছরের অভিজ্ঞতা চাওয়া হয়েছিল, যা খসড়া অধ্যাদেশে ২৫ বছরে বৃদ্ধি করা হয়েছে। কমিশনারের সংখ্যা তিন থেকে পাঁচ করার প্রস্তাবও উপেক্ষিত হয়েছে। ড. ইফতেখারুজ্জামান বলেন, বাদ দেওয়া এসব প্রস্তাব প্রায় সব রাজনৈতিক দলের সমর্থন পেয়েছিল, তবুও ইচ্ছামতো বাতিল করা হয়েছে। তিনি মন্তব্য করেন, সরকারের পদক্ষেপ হতাশাজনক, স্ববিরোধী ও সংস্কারবিরোধী; বিশেষ করে যেখানে সর্বসম্মত মত গৃহীত হয়েছিল, সেখানে সেটিকে অবমূল্যায়ন বা ধামাচাপা দেয়ার যৌক্তিকতা কোথায়। টিআইবি আশঙ্কা করছে, সরকারি ও দুদকের মধ্যের প্রভাবশালী মহল দুদকের অকার্যকর অবস্থার সুবিধা ভোগ করছে, যা দুদকের স্বচ্ছতা ও কার্যকারিতা নিশ্চিত করার প্রচেষ্টাকে ব্যাহত করছে।

## শোলমারী ইয়ং স্টার ফুটবল

(প্রথম পৃষ্টার পর)

একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের পক্ষে মেরাজ, বিল্লা ও ফুয়াদ একটি করে গোল করেন। রুদ্রনগরের হয়ে একমাত্র গোলটি করেন আশরাফুল। খেলায় রুদ্রনগরের সেলিম ও লিখনকে হলুদ কার্ড দেখানো হয়। মেরাজ ম্যাচের প্রথম গোলদাতা এবং বিল্লা 'ম্যান অব দ্য ম্যাচ' নির্বাচিত হন। খেলা শেষে সাকবর আলি, ওয়াহেদ আলি, উজ্জল হোসেন, শাহিন আলম ও উসনাই বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

## এক যুগ পর ইংল্যান্ডকে হারিয়ে

(প্রথম পৃষ্টার পর)

ইংলিশরা। এরপর নিয়মিত বিরতিতে উইকেট হারায় তারা। ৮১ রানে পঞ্চম উইকেট পতনের পর বড় বিপর্যয়ে পড়েছিল ইংল্যান্ড। জেমি স্মিথ ১৩, বেন ডাকেট ১, জো রুট ২৫, জ্যাকব বেথেল ১৮ এবং জশ বাটলার ৯ রান করে আউট হন। ষষ্ঠ থেকে অষ্টম উইকেট জুটিতে ৮৩ রানের লড়াকু অবদান দেন হ্যারি ব্রুক, স্যাম কারান ও জেমি ওভারটন। তবে শেষ ৩ উইকেট ১১ রানের ব্যবধানে হারিয়ে ইংল্যান্ডকে ৩৬ ওভারে ১৭৫ রানে আটকে দেন নিউজিল্যান্ডের পেসার ব্লেয়ার টিকনার। ইংল্যান্ডের সর্বোচ্চ ৪২ রান আসে জেমি ওভারটনের ব্যাট থেকে। ২৮ বল খেলে তিনি চারটি চার ও দুটি ছক্কা হাঁকান। ব্রুক করেন ৩৪ ও কারান ১৭ রান। ৮ ওভারে ৩৪ রানে ৪ উইকেট নেন টিকনার, যা তার ক্যারিয়ারের সেরা বোলিং হিসেবে রেকর্ড হয়। শুরুতেই শূন্য রানে ফেরেন উইল ইয়ং। কেন উইলিয়ামসন নেমে ২১ রান করে আউট হন। এরপর তৃতীয় উইকেটে রাচিন রবীন্দ্র ও ড্যারিল মিচেলের ৫৯ বলে ৬৩ রানের জুটি নিউজিল্যান্ডকে ভালো অবস্থানে নিয়ে যায়। রবীন্দ্র করেন ৫৪ রান, মিচেল ৩৫। পঞ্চম উইকেট পতনের পরও ষষ্ঠ উইকেটে মিচেলকে নিয়ে অধিনায়ক মিচেল স্যান্টনার ৩২ বলে ৫৯ রান জুটি গড়ে নিউজিল্যান্ডকে জয়ের বন্দরে পৌঁছে দেন। স্যান্টনার অপরাজিত ১৭ বল ৩৪ রান করেন। ইংল্যান্ডের জোফরা আর্চার ২৩ রানে ৩ উইকেট নেন। ম্যাচ সেরা হন টিকনার, যার বোলিং নিউজিল্যান্ডকে সিরিজ জয় এনে দেয়।

## দুঃস্থ কাশেমের পাশে মুজিবনগর

(প্রথম পৃষ্টার পর)

আশায় বের হলেও খালি হাতে ফিরতে হয়। স্বামী-স্ত্রী দুজনের ছোট সংসার। এক ছেলে ও এক মেয়ে থাকলেও তারা নিজ নিজ সংসারে ব্যস্ত। অনেক দিনের ইচ্ছাড়কিছু টাকা পেলে চোখের চিকিৎসা করাবেন এবং কিছু বাদাম-ছোলা কিনে গ্রামের স্কুলের পাশে বসে বিক্রি করবেন। বৃদ্ধ কাশেমের এই মানবিক ইচ্ছার পাশে দাঁড়িয়েছে মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামী। বুধবার (২৯ অক্টোবর) বিকেলে উপজেলার শিবপুর গ্রামের ৬নং ওয়ার্ডে তার হাতে ব্যবসার জন্য বাদাম ও ছোলা কেনার অর্থসহ চোখের চিকিৎসার জন্য নগদ টাকা প্রদান করা হয়। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমীর মাওলানা তাজউদ্দীন খান,জেলা জামায়াতের বাইতুলমাল সম্পাদক জারজিস হোসাইন, মুজিবনগর উপজেলা জামায়াতের আমীর মাওলানা খানজাহান আলী, উপজেলা সেক্রেটারি খাইরুল বাসার, উপজেলা শ্রমিক কল্যাণ সভাপতি ফজলুল হক গাজী, উপজেলা বাইতুলমাল সেক্রেটারি আমির হোসেন এবং মোনাখালী ইউনিয়নের ৬নং ওয়ার্ড সভাপতি আসলাম হোসেন ও ৫নং ওয়ার্ড সভাপতি আসাদুল হক প্রমুখ।

## মেহেরপুর সদর উপজেলা গোল্ডকাপে

(প্রথম পৃষ্টার পর)

০ গোলের লিড নেয়। ম্যাচের ৮ মিনিটে ইমরান, ১০ মিনিটে জিহাদ ও ১৪ মিনিটে শাকিল গোল করেন। দ্বিতীয়ার্ধের ১৩ মিনিটে বুড়িপোতার পক্ষে রকি সান্ত্বনাসূচক একটি গোল পরিশোধ করেন। দারুণ পারফরম্যান্সের জন্য বিজয়ী দলের খেলোয়াড় মুগ্ধকে 'ম্যান অব দ্য ম্যাচ' ঘোষণা করা হয়। খেলা শেষে সদর উপজেলা প্রশাসনের এও মাহফুজুর রহমান তাঁর হাতে পুরস্কার তুলে দেন। এ সময় জেলা ক্রীড়া সংস্থার সদস্য তামিম হোসেন, সাইদুর রহমান, জিকো, রাব্বি, শ্যামপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইকবাল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

## গণভোট প্রশ্নে একদিকে বিএনপি

(প্রথম পৃষ্টার পর)

বিষয়ে আর আলোচনার সুযোগ নেই।" মঙ্গলবার গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুকের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। বৈঠকে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ দলের শীর্ষ নেতারা উপস্থিত ছিলেন। আমীর খসরু বলেন, "কে কী সুপারিশ করেছে তা জানি না। যারা এসব করছে, তারা নির্বাচন করবে না নির্বাচন করবে রাজনৈতিক দলগুলো। ঐকমত্যের বাইরে কোনো সিদ্ধান্ত গ্রহণের সুযোগ নেই।" তিনি আরও বলেন, "নির্বাচন কমিশন, অন্তর্বর্তী সরকারের ভূমিকা এবং গ্রহণযোগ্য নির্বাচনের পরিবেশ নিয়েই আলোচনায় বেশি গুরুত্ব পেয়েছে। তত্ত্বাবধায়ক সরকারের আদলেই নির্বাচন হতে হবে এটাই আমাদের অবস্থান।" জামায়াতে ইসলামী বলেছে, গণভোট নভেম্বরের মধ্যেই সম্পন্ন করতে হবে। দলের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ বলেন, "সু-পারিশে গণভোটের সময়সূচি নেই, যা গ্রহণযোগ্য নয়। নভেম্বরে গণভোট করে ডিসেম্বরের প্রথম সপ্তাহে তফসিল ঘোষণা দিলে ফেব্রুয়ারিতে নির্বাচন করা সম্ভব।" তিনি আরও বলেন, "গণভোটের আদেশ আওয়ামী লীগ মনোনীত রাষ্ট্রপতি নয়, বরং অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার পক্ষ থেকেই জারি করতে হবে।" জামায়াত পিআর পদ্ধতিতে উচ্চকক্ষ গঠনের প্রস্তাবকেও প্রত্যাখ্যান করেছে। হামিদুর রহমান আযাদ বলেন, "এটি জুলাই সনদের মূল ধারার সঙ্গে সাংঘর্ষিক। সনদ অনুযায়ীই সংস্কার করতে হবে।" অন্যদিকে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) কমিশনের সুপারিশকে সামগ্রিকভাবে ইতিবাচক হিসেবে দেখলেও বলেছে, গণভোট অবশ্যই নির্বাচনের আগে অনুষ্ঠিত হতে হবে। দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব বলেন, "নোট অব ডিসেন্ট কার্যকারিতা না রাখা এবং হ্যাঁনা ভোটের মাধ্যমে গণভোটের প্রস্তাব ইতিবাচক। তবে আদেশটি প্রধান উপদেষ্টার পক্ষ থেকেই জারি হওয়া উচিত।" আরেক যুগ্ম আহ্বায়ক সামান্তা শারমিন বলেন, "৯ মাসের মধ্যে সংস্কার সম্পন্ন না হলে জুলাই সনদ অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে তা কার্যকর হবে এটি ইতিবাচক পদক্ষেপ।" এনসিপি জানিয়েছে, জুলাই সনদে স্বাক্ষর করার বিষয়ে আগামী দু-এক দিনের মধ্যেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। জুলাই সনদ বাস্তবায়ন ও গণভোটের সময়সূচি নিয়ে রাজনৈতিক দলগুলোর অবস্থানে স্পষ্ট বিভক্তি দেখা দিয়েছে। বিএনপি যেখানে এক দিনে নির্বাচন ও গণভোট চায়, জামায়াত সেখানে নভেম্বরে আলাদা গণভোটে অনড়, আর এনসিপি নির্বাচন-পূর্ব গণভোটকেই সবচেয়ে গ্রহণযোগ্য মনে করছে।

## ছেলের মৃত্যু সংবাদে মায়ের

(প্রথম পৃষ্টার পর)

মানসিকভাবে ভেঙে পড়েন। পরে তিনি পরিবারের অজান্তে ফার্মপাড়া রেলগেটের কাছে গিয়ে আত্মহত্যার উদ্দেশ্যে রেললাইনে শুয়ে পড়েন। ট্রেনচালক দূর থেকে বিষয়টি টের পেয়ে দ্রুত জরুরি ব্রেক কষে ট্রেন থামিয়ে দেন। এরপর স্থানীয়রা দৌড়ে গিয়ে বৃদ্ধাকে উদ্ধার করেন। চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ ফাঁড়ির এসআই জগদীশ কুমার জানান, ট্রেনচালকের সময়োচিত সিদ্ধান্তের কারণে বড় দুর্ঘটনা এড়ানো গেছে। স্থানীয়রা বৃদ্ধাকে নিরাপদে বাড়িতে নিয়ে গেছেন।

## নির্বাচনের ব্যত্যয় হলে দায় ইউনূস সরকারের মির্জা

(শেষ পৃষ্টার পর)

কথা বলেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বিএনপির মহাসচিব বলেন, "গতকাল (মঙ্গলবার) ঐকমত্য কমিশন জুলাই সনদ বাস্তবায়নের উপায়সংক্রান্ত সুপারিশ দিয়েছে। অবাক বিস্ময়ে দেখলাম, বিএনপির 'নোট অব ডিসেন্ট'ড়্যা সনদের অংশ হিসেবে অন্তর্ভুক্ত করার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল তা বাদ দেওয়া হয়েছে। এর মাধ্যমে জনগণ ও রাজনৈতিক দলগুলোর সঙ্গে প্রতারণা করা হয়েছে। এসব বিষয় দ্রুত সংস্কার করা জরুরি।" তিনি আরও বলেন, "গ্রহণযোগ্য নির্বাচনের মাধ্যমে জনগণের প্রতিনিধি সংসদ তৈরি হলে তখনই কাঙ্ক্ষিত সংস্কার বাস্তবায়ন সম্ভব হবে।" নির্বাচন বিলম্বিত হওয়ার সমালোচনা করে মির্জা ফখরুল বলেন, "নির্বাচন যত দেরিতে হচ্ছে, ফ্যাসিবাদ তত শক্তিশালী হচ্ছে। যারা দেশে অ্যানার্কি বা নৈরাজ্য সৃষ্টি করতে চায়, তারাই নির্বাচন পেছানোর পক্ষে।" বিএনপি মহাসচিব নির্বাচনের পরিবেশ দ্রুত নিশ্চিত করার আহ্বান জানিয়ে বলেন, "দেশের জনগণ একটি অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন চায়। সেই সুযোগ যদি নষ্ট হয়, তাহলে দায় এড়াতে পারবে না বর্তমান অন্তর্বর্তী সরকার।

## ৩৫০ মিটার উঁচুতে স্টেডিয়াম: ২০৩৪ বিশ্বকাপে সৌদি আরবের চমক

সূর্যোদয় প্রতিবেদন

মক্কা ও রিয়াদের আকাশচুম্বী ভবনের ঠিক চূড়ায় নির্মাণ হতে যাচ্ছে বিশ্বের সবচেয়ে উঁচু স্টেডিয়াম। ২০৩৪ সালের বিশ্বকাপের জন্য সৌদি আরব ঘোষণা করেছে এক ব্যতিক্রমী পরিকল্পনা, যার আওতায় মাটি থেকে ৩৫০ মিটার (১১৫০ ফুটেরও বেশি) উচ্চতায় 'নিওম স্কাই স্টেডিয়াম' নির্মাণ করা হবে। এই স্টেডিয়াম কেবল স্থাপত্যের দিক থেকে নয়, দর্শকদের জন্য এক অবিশ্বাস্য অভিজ্ঞতা নিশ্চিত করবে। এখানে একবারে ৪৬,০০০ দর্শক বসতে পারবেন। স্টেডিয়ামটি সম্পূর্ণরূপে নবায়নযোগ্য শক্তি ব্যবহার করে পরিচালিত হবে, যা পরিবেশবান্ধব দৃষ্টিকোণ থেকে দেশটির অঙ্গীকার তুলে ধরে। নির্মাণ কাজ শুরু হবে ২০২৬ সালে এবং ২০৩২ সালের মধ্যে এটি সম্পন্ন করার লক্ষ্য রাখা হয়েছে। সৌদি আরবের ফুটবল জগতে অর্থনৈতিক প্রভাব এবং উচ্চাকাঙ্ক্ষা আন্তর্জাতিক পর্যায়ে ইতিমধ্যেই নজর কেড়েছে। ক্রিশ্চিয়ানো রোনালদো, করিম বেনজেমা মতো বিশ্বমানের তারকাদের আগমনের ফলে সৌদি প্রো লিগ আরও শক্তিশালী হয়েছে। এই আন্তর্জাতিক তারকারা স্থানীয় ফুটবলের মান বৃদ্ধি করেছে এবং দেশটিকে ফুটবলের মানচিত্রে আরও উজ্জ্বলভাবে স্থাপন করেছে। ২০৩৪ সালের বিশ্বকাপ সৌদি আরবের জন্য এক ঐতিহাসিক মুহূর্ত হয়ে উঠবে। আকাশ-ছোঁয়া স্টেডিয়াম সহ আরও চমকপ্রদ উদ্যোগের মাধ্যমে দেশটি ফুটবল বিশ্বকে নতুন উচ্চতায় পৌঁছে দেওয়ার লক্ষ্য রাখছে। শুধু খেলার মান নয়, আন্তর্জাতিক পর্যায়ে সৌদি আরবের ফুটবল পরিচয়ও এক নতুন মাত্রা পাবে।

## পাকিস্তানের আকাশসীমা বন্ধ, এয়ার ইন্ডিয়ার ক্ষতি ৫ কোটি রুপি!

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের আকাশসীমা বন্ধ থাকায় ভারতের বিমান সংস্থা এয়ার ইন্ডিয়াকে বড় ধরনের আর্থিক ক্ষতির মুখোমুখি হতে হচ্ছে। ইউরোপ ও উত্তর আমেরিকার দিকে যাত্রা করা বিমানেরা এখন ঘুরপথে যেতে বাধ্য হচ্ছে, ফলে জ্বালানি খরচ বেড়ে গেছে এবং যাত্রার সময়ও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। এয়ার ইন্ডিয়ার সিইও ক্যাম্পবেল উইলসন বুধবার দিল্লিতে এক অনুষ্ঠানে জানান, গত পাঁচ মাসে এই পরিস্থিতির কারণে সংস্থার প্রায় চার হাজার কোটি রুপি ক্ষতি হয়েছে। তিনি আরও বলেন, প্রতিটি বিমানের যাত্রা আগের তুলনায় ৬০ থেকে ৯০ মিনিট বেশি সময় নিচ্ছে, যা বিমানকর্মীদের বেতন বাবদ খরচও বাড়িয়ে দিয়েছে।